বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৬.২০.১১৬

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

জনাব মোঃ আবু নাসির (তুষার), সাবেক সেইলর, ইমারত পওর উপবিভাগাধীন যাত্রাবাড়ী পওর শাখা, বাপাউবো, যাত্রাবাড়ী, ঢাকা বর্তমানে সেইলর, জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকার বিরুদ্ধে যাত্রাবাড়ী ওয়াপদা কলোনীতে বসবাসরত অবস্থায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বাসা বরাদ্দ নীতিমালা, ২০০৬ এর অনুঃ ১৫ এর নির্দেশনা ভঙ্গ করে ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার জন্যে কলোনীর কল্যাণ সমিতির কক্ষ ও ব্যাচেলর ব্যারাকের পাশে ছাগল, ভেড়া ও পাঁঠা পালনের নিমিত্ত একটি স্থায়ী ঘর নির্মাণ করা, কলোনীতে বহিরাগত সন্ত্রাসীদের নিয়ে জিম্মি করে ফেলা, শারীরিকভাবে লাঞ্ছিত করা, কলোনীর বাহিরের বন্ধুদেরকে সাথে নিয়ে কলোনীর বিভিন্ন স্থানে বসে নেশা দ্রব্য গ্রহণ করা, কিশোরী, যুবতী ও মহিলাদের উত্যক্ত করার পাশাপাশি কলোনীর অভ্যন্তরীন ও বাহিরের মহিলাদেরও উত্যক্ত করা এবং রাতে কলোনীর পুকুর থেকে জালের মাধ্যমে নিজ ছোট ভাইদের সাথে নিয়ে মাছ চুরি, বাগান থেকে ফল ও কৃষি দ্রব্য জোর করে নিয়ে যাওয়া সংক্রান্ত কতিপয় অনিয়মের অভিযোগে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৬.২০.১৩২ তারিখঃ ০৬/০৬/২০২৩ খ্রিঃ মোতাবেক তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ দন্ড আরোপ করা হয়।

২। জনাব মোঃ আবু নাসির (তুষার), সেইলর এর উপর আরোপিত উক্ত দন্ড পুনরীক্ষণ পূর্বক মওকুফের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বিগত ০৩-০৯-২০২৩ খ্রিঃ তারিখে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর আবেদন দাখিল করেন। তার দাখিলকৃত আবেদন পর্যালোচনান্তে পেশ করা হলে কর্তৃপক্ষ কর্তৃক "দন্ড মওকুফ করা হলো" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ আবু নাসির (তুষার), সেইলর, জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা এর উপর ইতোপূর্বে অত্র দপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৬.২০.১৩২ তারিখঃ ০৬/০৬/২০২৩ খ্রিঃ মোতাবেক আরোপিত তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ দন্ড পুণরীক্ষণ পূর্বক মওকুফ করা হলো।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১১/০৩/২৪
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৬.২০.১১৬(৮)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. পরিচালক, কর্মচারী//হিসাব রক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা।
৬. উপপরিচালক/হিসাব রক্ষণ অফিসার, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা/গ্রীনরোড আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৮. জনাব মোঃ আবু নাসির (তুষার), সেইলর, জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা।

১১/০৩/২০২৪
(শেখ মোঃ আবদুল খালেদ)
উপ পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১

ডায়েরী নং ৪৫৬
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

তারিখঃ ২৬/৩/২৪
জারুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Quddus\OO. Realese.docx54